

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



...

সভাপতি	ফরিদা পারভীন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৮/০৭/২০২০
সভার সময়	৯.০০ ঘটিকা
স্থান	zoom প্ল্যাটফর্ম
উপস্থিতি	সংযুক্তি

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে অনলাইন সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সকলকে অবহিত করেন যে, ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে বিধায় জরুরী ভিত্তিতে অনলাইন zoom প্ল্যাটফর্ম এ সভা আহ্বান করা হয়েছে। সভাপতি উপস্থিত সকলকে কর্মপরিকল্পনা ছকটি এ সভায় আলোচনা মোতাবেক পূরন করে দূত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কথা উল্লেখ করেন।

০২। অতঃপর সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিব ও মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব মোঃ ইনামুল হককে কর্মপরিকল্পনা ছকটি zoom এর স্ক্রীন শেয়ার এর মাধ্যমে সকলকে দেখানোর জন্য অনুরোধ জানান। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ছকটি প্রাথমিক পর্যবেক্ষণে দেখা যায় যে, বেশিরভাগ কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা ইতিমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্ধারণ করে দেয়া হয়েছে। কিছু কিছু সূচকের মান মন্ত্রণালয়সমূহ নিজ নিজ কর্মক্ষেত্র অনুযায়ী নির্ধারণ করবে। সভাপতি মহোদয় যে সকল কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা মন্ত্রণালয় নিজে নির্ধারণ করবে তা সুনির্দিষ্টভাবে দেখানোর জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান।

০৩। অতঃপর প্রোগ্রামার মোঃ ইনামুল হক জানান যে, লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এমন প্রথম সূচকটি হচ্ছে উদ্ভাবন খাতে বরাদ্দের পরিমান। এ ব্যাপারে মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার উপসচিব মোসাঃ ফেরদৌসী বেগম জানান, ইনোভেশন খাতে ২০২০-২০২১ অর্থবছরে ১০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে।

০৪। অতঃপর ইনোভেশন কর্ম পরিকল্পনায় উল্লেখিত সক্ষমতা কার্যক্রম নিয়ে সভাপতি সবাইকে মতামত দেয়ার অনুরোধ জানান। ৪.১ সূচকের উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার এ বর্তমান পরিস্থিতিতে বিবেচনায় সকল সদস্য আয়োজিত কর্মশালার সংখ্যা ন্যূনতম ১ (এক) রাখার ব্যাপারে মতামত দেন।

০৫। অতঃপর ৪.২ এবং ৪.৩ এ উল্লেখিত দুই দিনের প্রশিক্ষণ আয়োজন এর ব্যাপারে সকল সদস্য টার্গেট হিসেবে ২৫ জনকে রাখার মতামত দেন।

০৬। ৯.১ এ উল্লেখিত উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ফ্রেস্ট/ পুরস্কার প্রদান এর ব্যাপারে সদস্যগণ প্রোগ্রামার জনাব মোঃ ইনামুল হককে এ ব্যাপারে খোঁজ নিয়ে অন্যান্য কর্মপরিকল্পনায় টার্গেটসমূহ বিবেচনা করে অথবা মহিলা বিষয়ক অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনায় কতজনকে রাখা হয়েছে দেখিয়ে সংখ্যাটি জানাতে বলেন। অন্যথায় টার্গেট হিসেবে ১০ জনকে সম্মাননা সনদ দেয়ার টার্গেট রাখতে মতামত প্রদান করেন।

০৭। এ পর্যায় ১৩.৩ এ উল্লেখিত মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান সূচকের টার্গেট হিসেবে যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, যেহেতু টিমের সদস্য সংখ্যা ০৭ (সাত) সেহেতু প্রি সদস্য একবার করেও একটি করে পরিদর্শন করলে টার্গেট হিসেবে ৭ রাখা যেতে পারে। অন্য সকল সদস্য একমত পোষণ করেন।

০৮। সভায় উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আলোচনা মোতাবেক টার্গেট সমূহ ছকে উল্লেখ করে সদস্য সচিব জবান মোঃ ইনামুল হক কর্মপরিকল্পনাটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা করবেন। সভায় উপস্থিত সকল সদস্য এ ব্যাপারে একমত পোষণ করেন।

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৪৩

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ইনোভেশন টিমের সদস্যবৃন্দ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) অফিস কপি, আইসিটি শাখা
- ৩) অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ ইনামুল হক
প্রোগ্রামার